



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”




“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৬ ফেব্রুয়ারি ২০২৩

বাউবিতে মাস্টার অব ডিজ্যাবিলিটি ম্যানেজমেন্ট এন্ড রিহাবিলিটেশন
প্রোগ্রামের টিউটর ও থিসিস সুপারভাইজারদের ওয়ার্কসপ



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি পরিচালিত Master of Disability Management and Rehabilitation (MDMR) প্রোগ্রামের টিউটর ও থিসিস সুপারভাইজারদের এক ওয়ার্কসপ ১০ ফেব্রুয়ারী, ২০২৩ শুক্রবার, বাউবির ই-লার্নিং সেন্টারে অনুষ্ঠিত হয়। ওয়ার্কসপে সভাপতিত্ব করেন বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির (এসএসটি) ডিন অধ্যাপক ডা: সরকার মোঃ নোমান।

ওয়ার্কসপের মূল উদ্দেশ্য ছিল- টিউটর ও থিসিস সুপারভাইজারদের জন্য ব্যবহারিক জ্ঞানের পাশাপাশি থিসিস প্রস্তাবনা, উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা দেয়া। যাতে করে শিক্ষার্থীরা টিউটর ও থিসিস সুপারভাইজারদের কাছ থেকে অর্জিত ব্যবহারিক ও গবেষণালব্ধ জ্ঞান লাভ করে ভবিষ্যতে একজন দক্ষ গবেষক ও পুনর্বাসন বিশেষজ্ঞ হতে পারেন। ওয়ার্কসপে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ও ফিজিওথেরাপি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ, জাতীয় প্রতিবন্ধি উন্নয়ন ফাউন্ডেশনের কর্মকর্তা, পক্ষাঘাতগ্রস্থদের পুনর্বাসন কেন্দ্র (সি.আর.পি)-এর নির্বাহী পরিচালক এবং বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এই ওয়ার্কসপের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন এসএসটির সহকারী অধ্যাপক ডা: মোহাম্মদ হাবিবুর রহমান।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)